

সমাজ বদলের লক্ষ্যে তরুণদের গড়ে হবে

ভেড়ামারা (কুষ্টিয়া) ২৫শে জানুয়ারী (বাসস)।—শিক্ষা তরুণ সমাজের মনমানসিকতা নতুন করে গড়ে ওঠা তাদের মাধ্যমে সমাজ পরিবর্তনের উদ্যোগের প্রধান অবলম্বন। প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান আজ এখানে একথা বলেন।

ভেড়ামারা কলেজ হোস্টেলের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে তিনি ভাষণ দিচ্ছিলেন।

খাল খনন ও গণশিক্ষার ন্যায় প্রেসিডেন্ট জিন্নার শান্তিপূর্ণ বিপ্লবের বিভিন্ন পর্যায়ে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে সার্বিকভাবে অংশ গ্রহণের জন্য প্রধানমন্ত্রী শিক্ষক ও ছাত্রদের

প্রতি আহ্বান জানান।

তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন প্রধানতঃ নির্ভর করে জাতিগঠনমূলক কর্মকান্ডে এদের অংশগ্রহণের ওপর। তিনি বলেন, শিক্ষক ও ছাত্রদের মধ্যে ব্যক্তিগত সম্পর্ক অবশ্যই গড়ে উঠতে হবে।

শাহ আজিজ বলেন, শিক্ষকরা শূন্য মাত্র শিক্ষকই নন তাঁদের একটা মিশনারীর ভূমিকাও রয়েছে।

পরে প্রধানমন্ত্রী হাসনাবাদে দৌলতপুর বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানের এলাকা পরিদর্শন করেন এবং এর কাজের অগ্রগতির পর্যালোচনা করেন। প্রধানমন্ত্রী সেখানে বিভিন্ন স্তরের জনসাধারণের উদ্দেশ্যেও ভাষণ দেন।